# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

১৯ এপ্রিল ২০২৩খ্রি.

### বলিখেলা ফিরছে লালদীঘি ময়দানে, থাকছে চাঁটগাইয়া উৎসব

চট্টগ্রামের ঐতিহ্যবাহী বলী খেলা লালদীঘি ময়দানে ফেরানোর পাশাপাশি একদিনের জন্য বিশেষ চাঁটগাইয়া উৎসব আয়োজনের ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার এক বর্ণাঢ্য আয়োজনে বলী খেলার মাঠ পরিদর্শন এবং ট্রফি, জার্সি ও থিম সং উন্মোচন করেন সিটি মেয়র। এবারের ১১৪ তম আসরের তিন দিনব্যাপী মেলা বসবে কয়েক কিলোমিটার এলাকা জুড়ে।

লালদীঘিস্থ চট্টগ্রাম সিটি করপোরেশন পাবলিক লাইব্রেরিতে আয়োজিত সংবাদ সম্মেলনে মেয়র বলেন, চট্টগ্রামের ইতিহাস ও ঐতিহ্য রক্ষায় আমি বদ্ধপরিকর। লালদীঘির সড়কে তিনদিন বৈশাখী মেলা হবে। ব্রিটিশবিরোধী সংগ্রামের অংশ চট্টলাবাসীর গর্বের জব্বারের বলী খেলা বলী খেলার আয়োজনে কোনো কিছু কমতি থাকবে না।

আব্দুল জব্বার স্মৃতি কুস্তি প্রতিযোগিতা ও বৈশাখী মেলা কমিটি সহ-সভাপতি সাংবাদিক চৌধুরী ফরিদ জানান, ২৪, ২৫ ও ২৬ এপ্রিল বলী খেলার মেলা থাকবে। ২৫ এপ্রিল হবে বলী খেলা। তিনদিন ব্যাপী মেলা বসবে কয়েক কিলোমিটার এলাকাজুড়ে। বলী খেলা লালদীঘির মাঠেই হবে। তবে মাঠের ছয় দফা মঞ্চ উন্মুক্ত থাকবে। বাঁশ ও বালি দিয়ে মাঠে বলী খেলার মঞ্চ (রিং) তৈরি হচ্ছে। ২৬ এপ্রিল হবে চাঁটগাইয়া ঈদ উৎসব। মেলা হবে মাঠের বাইরে।

এদিকে ট্রফি উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেলা আয়োজক কমিটির সভাপতি কাউন্সিলর জহর লাল হাজারী, সাধারণ সম্পাদক শওকত আনোয়ার বাদল, ফিরিঙ্গি বাজার ওয়ার্ডের কাউন্সিল হাসান মুরাদ বিপ্লব এবং সংগীত শিল্পী আলাউদ্দিন তাহের প্রমুখ।

প্রসঙ্গত ২০২০ ও ২০২১ সালে করোনার কারণে জব্বারের বলী খেলা ও মেলার আয়োজন হয়নি। সে হিসেবে তিন বছর পর লালদিঘীর মাঠে ফিরছে ঐতিহাসিক জব্বারের বলী খেলা।

ব্রিটিশবিরোধী আন্দোলনে যুব সমাজকে সংগঠিত করতে ১৯০৯ সালে বক্সিরহাট এলাকার স্থানীয় আব্দুল জব্বার সওদাগর নগরীর লালদীঘি মাঠে আয়োজন করেন কুস্তি প্রতিযোগিতা। যা সময়ের পরিক্রমায় জব্বারের বলী খেলা নামে পরিচিত। পঞ্জিকা অনুসারে বৈশাখের ১২ তারিখে লালদীঘির ময়দানে বলী খেলা হয়। এই উপলক্ষে তিনদিন ধরে চলে মেলা।

### মেয়রের মধ্যস্ততায় ঈদের আগে বেতন-বোনাস পেলেন গার্মেন্টসকর্মীরা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর মধ্যস্ততায় ঈদের আগে বেতন-বোনাস পেলেন নগরীর বাকলিয়ার ডায়নামিক ফাইড নীটওয়্যার লিমিটেডের ১৮০ জন কর্মী।

প্রতিষ্ঠানটির শ্রমিকরা বেশ কয়েক মাস ধরে নিয়মিত বেতন না পেয়ে ভোগান্তিতে ছিলেন, মানববন্ধন করে জানিয়েছিলেন তাদের কষ্টের কথা। শ্রমিকদের এই দুর্ভোগের কথা জানতে পেরে চট্টগ্রাম সিটি মেয়র প্রতিষ্ঠানটির সাথে যোগাযোগ করেন। মঙ্গলবার (১৮ এপ্রিল) প্রতিষ্ঠানের পরিচালক জাহাঙ্গীর আলম মেয়রের সাথে বসে আলোচনার পর তাৎক্ষনিকভাবে শ্রমিকদের বেতনের একাংশ প্রদান করেন।

এসময় পরিচালক জাহাঙ্গীর আলম মে মাসের ১৫ তারিখের মধ্যে সব শ্রমিকের বকেয়া বেতন এবং বোনাস হিসেবে অতিরিক্ত আরো এক হাজার টাকা করে প্রদান করার অঙ্গিকার করেন এবং ১৫ মে এর মধ্যে সমস্ত বকেয়া পরিশোধে ব্যর্থ হলে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী, চট্টগ্রামের জেলা প্রশাসক এবং কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ডিআইজির নেতৃত্বে কারখানার সব সম্পত্তি বিক্রি করে শ্রমিকদের পাওনা প্রদানে কোন আপত্তি থাকবেনা মর্মে অঙ্গিকার দেন।

সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা এম.রেজাউল করিম চৌধুরীর বহরদারবাড়ির বাসভবনে অনুষ্ঠিত সভায় মেয়র বলেন, প্রধানমন্ত্রী গার্মেন্টস শ্রমিকদের বিষয়ে অত্যন্ত আন্তরিক। গার্মেন্টস শ্রমিকদের বেতন সংক্রান্ত এ অভিযোগটি পেয়েই সুরাহা করার উদ্যোগ নেই এবং সমাধান করতে পেরে অত্যন্ত আনন্দিত। ভবিষ্যতেও শ্রমজীবী শ্রেণীর স্বার্থরক্ষায় আমৃত্যু কাজ করে যাব।

সভায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর উপ-মহাপরিদর্শক আব্দুল্লাহ আল সাকিব মুবাররাত এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোহাম্মদ মাহফুজুর রহমান খান, সাধারন সম্পাদক ও জাতীয় শ্রমিক লীগ ডক বন্দর অঞ্চল শাখার সাধারণ সম্পাদক মোহাম্মদ জামাল উদ্দিন, গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগের চট্টগ্রাম জেলা কমিটির সাধারণ সম্পাদক নাসরীন রহমান, কলকারখানা পরিদর্শক বিশ্বজিৎ শর্মা, মোঃ নঈমুল আজিজ, রনজিৎ, সিএমপি পুলিশ, শিল্প পুলিশ ও সরকারি সংস্থার কর্মকর্তাবৃন্দ।

## ঈদের উপহার নিয়ে ১০০০ পরিবারের পাশে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপহারসামগ্রী পেল ১০০০ দুস্থ পরিবার। মেয়রের হাত থেকে উপহার নিয়ে হাসিমুখে ঘরে ফিরেন হাজারো অসহায় মানুষ।
বুধবার কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের সহযোগিতায় এই উপহার বিতরণ করেন চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এর আগে মেয়র ৩৩ নং ফিরিঙ্গিবাজার ওয়ার্ড কার্যালয়ের সংস্কার কাজের উদ্বোধন করেন।
এসময় মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবকে ধন্যবাদ জানিয়ে বলেন, ঈদের আনন্দ উদযাপনে অভাবগ্রস্থ ব্যক্তিদের সহায়তার জন্য আমাদের এ প্রয়াস। আজকের এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাধারণ মানুষের পাশে বিত্তবানদের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আশা করি অন্যরাও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন। উপহার পেয়ে হাসিমুখে ঘরে ফেরা মানুষরা জানান, মেয়রের দেয়া এই উপহার তাদের ঈদের আনন্দকে বাড়িয়ে দিয়েছে বহুগুণ। উপহার নিয়ে এগিয়ে আসায় তারা মেয়রকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউল্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, প্রকৌশলী ফরহাদুল আলম,আওয়ামী লীগ সভাপতি বাবু স্বপন কুমার মজুমদার, সাধারণ সম্পাদক আলহাজ্ব ফারুক আহমেদ, আবদুল হাই, আবদুল হাকিম, তারেক সর্দার,জহিরুল হক বাবুল, মোঃ ইলিয়াছ, আবদুল মাবুদ, খোরশেদ আলম রহমান, সাইফুদ্দীন আহমেদ, তাজ উদ্দীন রিজভী, জাহাঙ্গীর আলম। এতে আরো উপস্থিত ছিলেন মোঃ হোসেন সওঃ, জুবায়ের কাকী, মাসুদ করিম, ইশতেহার উদ্দীন পারভেজ, আফসার উদ্দীন আহমেদ, ওসমান গনি বাবলু, মিজানুর রহমান, এ বি এম গিয়াসুদ্দিন, ওসমান গনি মানিক, ফজলে হাসান চৌধুরী, এনামুল হক, আবদুল মতিন, তারাপদ দাশ,সামিউল হাসান রুমন, অসিউর রহমান, সাফফাত বিন আমিন, আলাউদ্দীন বাপ্পী, মিনারুল ইসলাম মিনু, রাশেদুল আলম, আমিনুল ইসলাম শাহেদ, অনিন্দ্য দেব, মোঃ আজম, মোঃ জাভেদ, আসিফুল হক সিফাত প্রমুখ।

## জনক জননী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সহযোগিতায় ঈদ উপহার দিলেন মেয়র

জনক জননী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সহযোগিতায় এক হাজার মানুষের হাতে ঈদ উপহার তুলে দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
বুধবার কর্ণফুলি কমিউনিটি সেন্টারে ঈদ উপহার প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের নির্বাহী পরিচালক ফরিদ মাহমুদ। প্রধান অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য সৈয়দ মাহমুদুল হক। বক্তব্য রাখেন ২৪ নং ওয়ার্ড কাউন্সিলার নাজমুল হক ডিউক, সাবেক কাউন্সিলার মোহাম্মদ সিরাজুল ইসলাম, যুবলীগের সাবেক কেন্দ্রীয় নেতা আকরাম হোসেন সবুজ ,সাবেক মহিলা কাউন্সিলর ফারহানা জাবেদ,চট্টগ্রাম মহানগর যুবলীগ নেতা নেছার আহমেদ, শেখ নাছির আহমেদ, দেলোয়ার হোসেন দেলু, আশরাফুল গনি, মোহাম্মদ জহিরুল ইসলাম, দিদারুল আলম দিদার, মোহাম্মদ শাহ আলম, মোহাম্মদ ইলিয়াছ যিশু, মোহাম্মদ সামসুল আলম,রাশেদুল আলম চৌধুরী, চেমন আরা বেগম, জেবুন্নেচ্ছা বেগম,আনিসুর রহমান মামুন,যুব মহিলা লীগ নেত্রী শামীম আরা লিপি,ইয়াছমিন মিনু,ইয়াছিন ভুইয়্যা প্রমুখ।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮